



রেডিও  
মেঘনা

# যোগাযোগ

এপ্রিল, ২০২২; সংখ্যা-৪৯

## রেডিও মেঘনা শুনে আধুনিক পদ্ধতিতে গরু মোটাজা করছেন চরফ্যাসনের আছমা বেগম

গরু পালন করে, অধিক লাভবান হতে চাইলে অবশ্যই গরু মোটাজা করণ সম্পর্কে জানতে হবে। তবে গরু মোটাজা করতে অবশ্যই সঠিক নিয়ম অবলম্বন করতে হবে। চরফ্যাসনের হালিমাবাদ এলাকার অনেকের মধ্যেই গরু মোটাজা করার উৎসাহ দেখা গেছে।

এই এলাকার আছমা বেগম (৩০) জানান, তিনি ছেলে মেয়ে বড় হচ্ছে, সংসারের খরচ বাড়ছে। গৃহিণীদের বাড়িত আয় হিসেবে গৃহপালিত পশু-পাখি পালন করেন। তাই আছমা বেগম গরু পালন করে সংসারের আয় বাড়াতে চেয়েছেন। গরু পালন করে যেমন লাভ হয়েছে, তেমনই কোন কোন বছর লোকসান গুণতে হয়েছে। তিনি গরু পালনে অনেক শ্রম দিতেন এবং খুব যত্নও করতেন। কিন্তু সব সময়ই লাভ থাকতো সীমিত। আছমা বেগমের নিয়োমিত রেডিও শুনার অভ্যাস ছিল। রেডিও মেঘনার মাধ্যমে জানতে পারলেন গরু মোটাজা করণ সম্পর্কে। তার সাথে কথা বলে জানা যায় রেডিও মেঘনা শুনে তিনি স্বাস্থ্য সম্বতভাবে গরু মোটাজা করণ শুরু করেন। দিনে তিনি বার খামার পরিষ্কার করেন, শীতে কুসুম গরম পানি দিয়ে গোসল করান, দুইবার দানাদার খাবার দেন পাশাপাশি কাঁচা যাসও দেন, এক কথায় নিজের স্বান্তরের মত করে যত্ন নেন। বিভিন্ন রোগ প্রতিরোধে পশু ডাক্তারের পরামর্শ অনুযায়ী ভ্যাকসিন দেন।

এছাড়াও জানা যায়, আছমা বেগমের গরু মোটাজা করণ পদ্ধতি দেখে উৎসাহিত হয়েছেন একই এলাকার রাশিদা বেগম। আছমা বেগম তাকে গরু মোটাজা করণ সম্পর্কে বলেছেন এবং পাশাপাশি রেডিও শুনতে বলেছে। খোঁজ নিয়ে জানা যায়, রাশিদা বেগমও যত্ন সহকারে চেষ্টা করছেন এবং অভিজ্ঞতা বাড়ানোর জন্য নিয়োমিত রেডিও শুনেন।



## আমাদের সম্পর্কে

রেডিও মেঘনা (উপকূলের কঠিন্দ্ব) কোস্ট ফাউন্ডেশন এর একটি কমিউনিটি রেডিও। বাংলাদেশের উপকূলীয় এলাকার প্রাচীক মানুষের জীবন-মান উন্নয়নের জন্য কাজ করে। এটি উপকূলীয় দ্বীপ ভোলার চরফ্যাসন উপজেলায় ২০১৫ সালে যাত্রা শুরু করে। রেডিও মেঘনা বৈধ অধিকারের দাবি, সমাজে বৈষম্য দূরীকরণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকবেলা ও পরিবেশ সুরক্ষা, মৎস্য, কৃষি, লিঙ্গীয় সমতা ও শিক্ষাখাতে সামাজিক, সংস্কৃতিক ও গ্রামীণ উন্নয়নে উৎসাহী করা এবং জনগণের সক্ষমতা বৃদ্ধির জন্য দরিদ্র কঠিন্দ্ব বাড়াতে কাজ করে।



## রেডিও মেঘনায় সফলনার গল্প শুনে সফল হওয়ার চেষ্টায় সংকর তালুকদার

তোলার চরফ্যাসন উপজেলার জিন্নাগড় থামের সংকর তালুকদার একজন সফল উদ্যোক্তা। রেডিও মেঘনায় সফলতার গল্প বিষয়ে অনুষ্ঠান শুনে অনুপ্রাণিত হন মুরগির খামার করার। কৃষিকাজের পাশাপাশি বাড়িতি লাভের আশায় পরিবারের পরামর্শে ও নিজ উদ্যোগে বাড়ির পাশে লেয়ার জাতের মুরগির খামার করেন তিনি। প্রথম দিকে লোকসান হলেও বর্তমানে তিনি লাভবান হয়েছেন। অনেকটা শখ থেকে লেয়ার মুরগির খামার করলেও এখন এটিই তার উপার্জনের পথ।

সংকর তালুকদার জানান, কৃষিকাজের পাশাপাশি তিনি ব্রয়লার মুরগির খামার করেন। প্রথম ৬০ লক্ষ টাকা ব্যয় করে তিনটি লেয়ার মুরগির খামার দিয়েছেন। খামারে এখন মুরগির সংখ্যা প্রায় ৬ হাজার। তার খামার থেকে নিয়মিত তিনি হাজার মুরগির থেকে ডিম সংগ্রহ হয় প্রায় দুই হাজার ছয়শ। এসব ডিম চরফ্যাসন উপজেলার বাজারে ৮শ টাকা শতে বিক্রি করা হয়।

তবে লাভের পরিমাণ নির্ভর করে ডিমের বাজারের ওপর। যদি ডিমের বাজার ভালো থাকে তবে আরো বেশি লাভ হয়। এছাড়াও তিনি আরো বলেন, মুরগির খাদ্যের পিছনে প্রতিদিন ২০ হাজার টাকার ব্যয় হলেও ডিম বিক্রিতে প্রতিদিন সকল খরচ পুষ্টিয়ে চার হাজার টাকা লাভ হয়। এখন তার খামারে খাচাসহ প্রায় ৫০ লক্ষ টাকার মুরগি রয়েছে। খামার পরিচর্যায় তার পরিবারসহ শ্রমিককে কাজে লাগাচ্ছেন। তার সফলতা দেখে বর্তমানে চরফ্যাসনের বিভিন্ন এলাকায় আরো ১০ টি লেয়ার মুরগির খামার গড়ে তুলেছে অনেকেই। ভবিষ্যতে তিনি আরো কয়েকটি খামার গড়ে তোলার আশা প্রকাশ করেন।

অন্যদিকে তার স্ত্রী স্বরজনী তালুকদার বলেন, তার স্বামীর পাশাপাশি তিনিও প্রতিদিন লেয়ার মুরগির খামারে পরিচর্যা করেন। মুরগির খামার দিয়ে এখন আগের থেকে অনেক লাভবান আছেন এতে তার কাছেও ভালো লাগছে একজন সফল খামারী হতে পেরে।



### শ্রোতা মতামত

- লাইভে দেওয়া তথ্য থেকে, কিডনি অকেজো হওয়ার কারণ জেনেছেন এবং সেই অনুযায়ী সর্তক আছেন কর্তারহাটের আপন
- কিশোরী নুসরাত সকালে স্কুল থাকে তাই ‘কিশোর কিশোরী’ অনুষ্ঠান বিকেলে প্রচার করার জন্য অনুরোধ করেছে।
- মাগরিবের সময় গজল এবং আয়ান প্রচার করার কথা বলেছে শ্রেতারা।
- ব্রহ্ম এবং এ্যালার্জি সম্পর্কে সচেতনতা ও করণীয় সম্পর্কে জানতে চেয়েছেন শ্রেতারা।



উদ্যোক্তা সংকর তালুকদারের সাক্ষাত্কার নিচেন সুরভী জাহান। স্থান: জিন্নাগড়, চরফ্যাসন।  
ছবি: লিজা আক্তার। তারিখ: ১১ মার্চ ২০২২

### যোগাযোগ:

উম্মে নিশ,  
সহকারি স্টেশন ম্যানেজার,  
রেডিও মেঘনা, কুলসুমবাগ, চরফ্যাসন, ভোলা  
ফোন: ০১৭০৮ ১২০৩৯০

manager@radiomeghna.net

/radiomeghna99.0

/radiomeghna.net